



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৬৪.২০২১/ ২০৭৬/৭

তারিখ: ০৬/৬/২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ টাঙ্গাইল জেলার সখিপুর থানাধীন পলাশতলী মহাবিদ্যালয়ের ০৪ জন প্রভাষক ও ০১ জন প্রদর্শক-কে ব্যানবেইস শিক্ষা প্রতিষ্ঠান বার্ষিক জরিপ-২০২০ থেকে বাদ দেয়ার বিষয়ে শুনানির জন্য অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: ১. জেলা প্রশাসকের স্মারক নং-০৫.৪১.৯৩০০.০১৮.০৩.০৭২.২১-২০৬/১(৩); তারিখ: ৩১/১০/২০২১ খ্রি.

২. কলেজের স্মারক নং-পম/৪১৮/২০২১; তারিখ: ১৪/১২/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন পলাশতলী মহাবিদ্যালয়ের অধ্যক্ষের বিরুদ্ধে জেলা প্রশাসক, টাঙ্গাইল কর্তৃক ০৪ জন প্রভাষক ও ০১ জন প্রদর্শক ব্যানবেইস এর ২০২০ সালের শিক্ষা প্রতিষ্ঠান জরিপ হতে নাম বাদ দেয়ার অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন প্রেরণ করেছেন। উক্ত প্রতিবেদনে উল্লেখ করা হয় যে, ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব বাহাজউদ্দিন উক্ত প্রতিষ্ঠানে কর্মরত ০৪ জন প্রভাষক ও ০১ জন প্রদর্শক এর ব্যানবেইস ২০২০ সালের শিক্ষা প্রতিষ্ঠান জরিপ হতে নাম বাদ দেয়া এবং উক্ত পদসমূহে অবৈধ নিয়োগ বাগিজের পায়তারা করছে মর্মে একটি অভিযোগ জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করা হয়। সেই প্রেক্ষিতে তদন্তপূর্বক মতামত প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর-কে বলা হলে তিনি বিষয়টি তদন্ত করে মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেন। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর প্রতিবেদনে পলাশতলী মহাবিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ও সভাপতি কাজী আশরাফ সিদ্দিক এবং অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) আবু সাইদ কর্তৃক অভিযোগকারী ০৪ জন প্রভাষক ও ০১ জন প্রদর্শক যথাক্রমে ১। জনাব মোহাম্মদ আমিনুল ইসলাম, প্রভাষক (ইতিহাস ও সংস্কৃতি) ২। জনাব মো: আ: কাদের, প্রভাষক ইসলাম শিক্ষা ৩। জনাব জিয়াসমিন সুলতানা, প্রভাষক, জীববিদ্যা ৪। জনাব মো: বাহাজ উদ্দিন, প্রভাষক, সমাজকর্ম ও ৫। জনাব মো: হুমায়ুন কবীর, প্রদর্শককে দুর্নীতি ও স্বজনপ্রীতির কারণে ব্যানবেইস জরিপ ২০২০ হতে বাদ দেয়া হয়েছে মর্মে উল্লেখ করেন।

অপরদিকে প্রতিষ্ঠানের অধ্যক্ষ অভিযোগ হতে অব্যাহতি চেয়ে আবেদন করেছেন। পারিবারিক কারণে পদত্যাগের জন্য তাদের কে বাদ দেয়া হয়েছে মর্মে উল্লেখ করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত প্রতিষ্ঠানের যে সকল শিক্ষক-কর্মচারীর নাম কলেজ কর্তৃক ব্যানবেইস-এর জরিপ-২০২০ হতে বাদ দেয়া হয়েছে তাঁদের সকলকে, বর্তমান অধ্যক্ষ, প্রাক্তন অধ্যক্ষ ও গভর্নিংবডির সভাপতিকে মাউশি অধিদপ্তরের কলেজ শাখায় শুনানির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Alc 2.6.22  
(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং- ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

পলাশতলী মহাবিদ্যালয়

সখিপুর, টাঙ্গাইল।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ;
০২. সভাপতি, পরিচালনা পরিষদ, পলাশতলী মহাবিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল (মাউশি অধিদপ্তরের বেসরকারি কলেজ শাখায় উপরিউক্ত বিষয়ে শুনানিতে অংশগ্রহণের অনুরোধসহ);
০৩. জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল;
০৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সখিপুর, টাঙ্গাইল;
০৫. প্রাক্তন অধ্যক্ষ, পলাশতলী মহাবিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল (মাউশি অধিদপ্তরের বেসরকারি কলেজ শাখায় উপরিউক্ত বিষয়ে শুনানিতে অংশগ্রহণের অনুরোধসহ);
০৬. জনাব-----, প্রভাষক/প্রদর্শক (-----), পলাশতলী মহাবিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল (মাউশি অধিদপ্তরের বেসরকারি কলেজ শাখায় উপরিউক্ত বিষয়ে শুনানিতে অংশগ্রহণের অনুরোধসহ);
০৭. সংরক্ষণ নথি;